গাংনীতে জমি দখল নিয়ে বিরোধ, প্রতিপক্ষের হামলায় আহত ৬

মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দি বাজারে শরিকানা জমি ভাগাভাগি সংক্রান্ত বিরোধে নারী ও বৃদ্ধসহ ৬ জনকে অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করেছ প্রতিপক্ষরা । আজ বুধবার (২০ নভেম্বর) দুপুরে বামুন্দী বাজারে এ হামলার ঘটনা ঘটে।

আহতরা হলেন,মৃত দেলবার মন্ডলের ছেলে আজিজুল হক (৬৮), ছেলে দুলাল হোসেন (৩৬), জালালের স্ত্রী রেক্সোনা খাতুন (৩০), জলিমুদদিনের ছেলে মজিবুল হক (৪০), আকিজুল ইসলামের ছেলে জালাল উদ্দিন (৪০) ও নাইম (২০)।

আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। আহতদের মধ্যে আজিজুল হকের অবস্থা আশংকা জনক হওয়ায় তাকে কুস্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়েছে। এ তথ্য নিশ্চিত করেছেন স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের চিকিৎসক সিমা বিশ্বাস।

আহত নাইম জানান, বামুন্দী বাজারের ৩০ শতক জমির মধ্যে তিন শতক জমি আছে মক্করেরর ছেলে রাজমুল ইসলামের মা আজিরন নেছার। আমরা তিন শতকের পরিবর্তে আজিরনকে ৮ শতক জমি ছেড়ে দিয়েছি। পরে রাজমুল ও তার লোকজন পুরো জমি জোর দখল করে। জমি দখলে বাধা দিলে বামুন্দি গ্রামের রাজমুলের নেতৃত্বে সাব্বির, আবির,সেন্টু হাসিবসহ ১০/১৫ জন লোক হাসুয়া, লাঠি, ডেগার ও রামদা দিয়ে আমাদের ওপর আতর্কিত হামলা করে রক্তাক্ত জখম করে। এসময় কয়েকটি দোকানে হামলা চালায় এবং নগদ টাকা লুটপাট করার অভিযোগ করেন আহতরা।

এবিষয়ে হামলায় নেতৃত্বদানকারী রাজমুল জানান,আজিজুল ইসলাম আমার মামা। আমার মায়ের অংশের জমি দখল দেয়না। সেই জমি দখল নিয়ে আজকের মারামারি। তবে টাকালুট ও দোকান ভাংচুর করার বিষয়টি তিনি অস্বিকার করেন।

গাংনী থানার অফিসার ইনচার্জ ওসি বানী ইসরাইল বলেন, জমিজমা নিয়ে বামুন্দী বাজারে মারামারির ঘটনা শুনে পুলিশ পাঠিয়ে সকলকে শান্ত করা হয়েছে। এখন পর্যন্ত কেউ অভিযোগ করেনি। অভিযোগ পেলে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরে দুই পিপির নিয়োগ প্রত্যাহারের দাবীতে শিক্ষার্থীদের মানববন্ধন

মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতে আবু সালেহ নাসিম ও নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর হিসেবে মোস্তাফিজুর রহমান তুহিনকে নিয়োগ দেওয়ার প্রতিবাদে মানববন্ধন করেছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কমীর্রা।

আজ বুধবার (২০ নভেম্বর) সকাল সাড়ে ১১ টার দিকে জেলা প্রশাসকের কাযার্লয় চত্তরে এ কর্মসূচী পালন করে তারা। এক সপ্তাহের মধ্যে তাদের দুজনকে প্রত্যাহার না করা হলে বৃহত্তর আন্দোলনের ঘোষনা দেন তারা।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক ইমতিয়াজ আহমেদের নেতৃত্বে যুগ্ম আহ্বায়ক জাইমুল হাসান, আব্দুল মোমিন, সংগঠক আশিক রাব্বি, আইনজীবী মিজানুর রহমান-১, মিজানুর রহমান-২, মেহেরপুর তথ্য ও মানবাধিকার ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক দিলারা পারভীন। মানববন্ধনে অর্ধশতাধিক শিক্ষার্থী অংশ নেন।



মানববন্ধনে বক্তারা বলেন, মোস্তাফিজুর রহমান তুহিন ওরফে তুহিন আরন্য আলোচিত আটলান্টিক হোটেল কেলেঙ্কারির মূল আসামি। এ মামলায় নারীদের অনৈতিক কর্মকাণ্ডে ব্যবহার ও দেহ ব্যবসার সঙ্গে

[redacted]

[redacted]

[redacted]

নিখীল চক্রবর্তী।

আজ বুধবার বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃত ফিরাজুল ইসলামকে আদালতে নেওয়া হবে।

এর আগে এই মামলায় মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক সদ্য সাবেক উপজেলা চেয়ারম্যান এম এ খালেক ও প্রাক্তন উপজেলা চেয়ারম্যান জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক শফিকুল আলমকে গ্রেফতার করে র্যাব-১২।

মামলার আসামি অ্যাডভোকেট শফিকুল আলম জামিনে মুক্তি পেলেও সেই থেকে জেল হাজতে রয়েছেন জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক।

বিএনপি ও জামায়াতের স্থানীয় নেতাকর্মীদের পুলিশ দিয়ে হয়রানিসহ বাড়ি ঘরে হামলা ভাঙচুর করে আসছিল সে। ২০১৯ সালে বিএনপি নেতা নুর ইসলামের বাড়িতে তাঁর নেতৃত্বে আগুন দিয়ে ৪ টি গরু হত্যা করে।

এছাড়া নুর ইসলামের উপর হামলা চালিয়ে রক্তাক্ত করে। ফিরাজুল ইসলামের ভয়ে বিএনপি জামায়াতের অনেক নেতাকর্মী এলাকা ছাড়া হয়েছিলেন।

গাংনী পৌর জামায়াতের আমীর নির্বাচিত হলেন আহসানুল হক

জামায়াতে ইসলামী গাংনী পৌর শাখার আমীর নির্বাচিত হয়েছেন মোহাম্মদ আহসানুল হক। এর আগে তিনি গাংনী পৌর জামায়াতের সেক্রেটারীর দায়িত্ব পালন করছিলেন।

আজ বুধবার সকালে গাংনী উপজেলা জামায়াত কার্যালয়ে শপথ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গাংনী পৌর সাংগাঠনিক এলাকার রুকনদের গোপন ভোটে গাংনী পৌর জামায়াতের ২০২৫-২৬ সেশনেও জন্য মোঃ আহসানুল হক আমীর হিসাবে

দায়িত্ব গ্রহণ করেন।

এর আগে মেহেরপুর জেলা শাখার সেক্রেটারি ইকবাল হোসেনের সভাপতিত্বে গাংনী পৌর শাখার আমীরের সভাপতির শপথ ও সূরা সদস্য নির্বাচন অনুষ্ঠিত হয়।
নবনির্বাচিত গাংনী পৌর জামায়াতের আমীর মোঃ আহসানুল হককে শপথ পাঠ করান মেহেরপুর জেলা জামায়াতের আমীর মাওলানা তাজ উদ্দিন খান। এসময় উপস্থিত ছিলেন গাংনী উপজেলা জামায়াতের আমীর ডাঃ রবিউল ইসলাম, উপজেলা নায়েবে আমীর ও জেলা কর্মপরিষদ সদস্য মোঃ নাজমুল হুদা, পৌর জামায়াতের সাবেক আমির মাওলানা আব্দুর রহমান, সাবেক পৌর সহকারী সেক্রেটারি ওয়াস কুরুনি জামিল প্রমুখ।
সভায় আগামী ২২ নভেম্বর মেহেরপুর শামসুজ্জোহা পার্কে জেলা জামায়াতের কর্মী সমাবেশ বাস্তবায়ন উপলক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতি সভায় পৌর জামায়াতের আমীর মোঃ আহসানুল হকের সভাপতিত্ব অনুষ্ঠিত প্রস্তুতি সভায় প্রধান অতিথির রাখেন গাংনী পৌর জামায়াতের সদ্য বিদায়ী আমীর মাওলানা আব্দুর রহমান।

এছাড়াও অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী পৌর জামায়াতের সহকারী সেক্রেটারি ওয়াস কুরুনি জামিল, গাংনী পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের সভাপতি, সেক্রেটারিবৃন্দ।

উল্লেখ্য যে ২২ শে নভেম্বর কর্মী সমাবেশের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ জামায়াত ইসলামীর সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরোয়ার মিয়া।

মুজিবনগরে অস্ত্র ও গুলিসহ যুবক আটক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামের একটি পান বরজে অভিযান চালিয়ে ময়েন উদ্দীন (৩২) নামের এক ব্যক্তিকে দেশীয় তৈরী একটি একনলা বন্দুক ও ২ রাউন্ড গুলিসহ আটক করেছে সেনাবাহিনীর

নেতৃত্বে যৌথবাহিনীর একটি টিম।

মঙ্গলবার রাতে তাকে আটক করে মুজিবনগর থানায় হস্তান্তর করা হয়। আটক ময়েন উদ্দীন মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামের পশ্চিমপাড়া এলাকার জমির উদ্দীনের ছেলে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান এই তথ্য নিশ্চিত করেছেন।
তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিত্বে খবর পেয়ে ২৭ আর্টিলারী রেজিমেন্টের মেহেরপুর সেনা ক্যাম্পের মেজর জাহিনের নেতৃত্বে যৌথবাহিনীর একটি টিম মঙ্গলবার দিবাগত মধ্যরাতে ময়েন উদ্দীনকে তাঁর বাড়িতে অভিযান চালিয়ে আটক করেন। পরে তাঁর স্বীকারোক্তি মোতাবেক বাড়ির পাশে একটি পানবরজের মধ্যে থেকে দেশীয় তৈরী একটি নলা বন্দুক ও দুই রাউন্ড গুলি উদ্ধার করা হয়।
মুজিবনগর থানার ওসি মিজানুর রহমান জানান, ময়েন উদ্দীনকে মাঝরাতে থানায় আনা হয়েছে। এখন তাঁর বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা প্রক্রিয়াধীন। আজ বুধবার আদালতে নেওয়া হবে।
স্থানীয়রা নাম প্রকাশ না করার শর্তে জানান, ময়েন উদ্দীনের ভয়ে কেউ কথা বলতে পারতো না। গত ৫ আগষ্ট স্বৈরাচার আওয়ামী লীগ সরকার পতনের পর ময়েন উদ্দীনও পলাতক ছিলেন। বেশ কিছুদিন থেকে পুলিশ ও সেনাবাহিনী তাঁর বাড়িতে নিয়মিত অভিযান চালাচ্ছিলেন। অবশেষে সে যৌথবাহিনীর অভিযানে আটক হলেন।
উল্লেখ্য, আটক ময়েন উদ্দীনের বড় ভাই এলাকার চিহ্নিত সন্ত্রাসী ৩ টি হত্যা ৩টি, ৪টি ডাকাতি ও বিস্ফোরক দ্রব্য আইনে ৩টিসহ ডজন মামলার আসামী মজিবুল হক মজিবুল হক মজি মুজিবনগর উপজেলার মোনাখালী কোমরগর্ত মাঠে পুলিশের সাথে বন্দুক যুদ্ধে নিহত হয়েছিলেন। সে সময় ১টি এলজি সার্টারগান, ২টি কার্তুজ খোসা, ৪টি তাজা কার্তুজ, ৩টি হাতবোমা ও দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়েছিল।

এপিপি হলেন মুজিবনগরের সন্তান এ্যাড. সেলিম গাজী

মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের সহকারি পাবলিক প্রসিকিউটর (এপিপি) হলেন মুজিবনগর এর সন্তান এ্যাড: সেলিম রেজা গাজী।

গতকাল সোমবার (১৮ নভেম্বর) মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের

এপিপি হিসেবে নিয়োগ পান তিনি। আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ তাকে নিয়োগ দিয়েছেন। রাষ্টপক্ষের মামলা পরিচালনার করার অনুমোদন পেয়েছেন তিনি। বিজ্ঞ এ আইনজীবী এ্যাডভোকেট সেলিম রেজা গাজী মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের মিয়ারুল গাজীর ছেলে।

দীর্ঘদিন তিনি সুনামের সাথে আইন পেশা পরিচালনা করছেন। অ্যাডভোকেটে জীবনে তিনি অনেক জুনিয়র হিসেবেই এই দায়িত্ব পেয়েছেন।

তার এই নিয়োগ পাওয়াতে শুভেচ্ছা জানিয়েছে মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমানসহ মুজিবনগর প্রেসক্লাবের সদস্যবৃন্দ।

এছাড়া পেশাগত দায়িত্ব পালনে সকলের সহযোগিতা কামনা করেছেন এ্যাড: সেলিম রেজা গাজী। তিনি ২০১৮ সাল থেকে আইন পেশা পরিচালনা করে আসছেন।

মেহেরপুরে ইসলামিক ফাউন্ডেশনের আয়োজনে আলোচনা সভা

মেহেরপুর নারী ও শিশু নির্যাতন, মানব পাচার ও যৌতুক প্রতিরোধে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (১৯ নভেম্বর) সকাল সাড়ে ১১ টার সময় মেহেরপুর জেলা ইসলামিক ফাউন্ডেশন ও জেলা মডেল মসজিদ ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে এ আলোচনা সভা আয়োজন করা হয়।

ইসলামী ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ ।

স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশন ফিল্ড অফিসার ওবাইদুর রহমান।

পবিত্র কোরআন তেলাওয়াত করেন ইসলামিক ফাউন্ডেশনের মাস্টার ট্রেইনার মাওলানা মোঃ আব্দুল হামিদ।

ইসলামী ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার মোঃ আমানুল্লাহর সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন ইসলামী ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার তাওহিদুল ইসলাম, জেলা মডেল মসজিদের ইমাম সাদিকুর রহমান প্রমুখ।

মেহেরপুরে দু’টি সারের ডিলারকে এক লাখ ২০ হাজার টাকা জরিমানা

মেহেরপুর শহরে বিসিআইসি ও বিএডিসির দুই সার ডিলারকে এক লাখ বিশ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর পরিচালিত ভ্রাম্যমান অভিযান।

সরকার নির্ধারিত দামের চেয়ে অতিরিক্ত দামে সার বিক্রি, ক্রেতাদের সার বিক্রির ভাউচার না দেয়া এবং বিক্রির রশিদ ও স্টকের গরমিল থাকায় শহরের উপকন্ঠে বামনপাড়া এলাকার মেসার্স মনিরুল এন্ড ব্রাদার্স নামক বিএডিসি সার ডিলার এবং বড়বাজার এলাকার মেসার্স গিয়াস উদ্দিন এন্ড সন্স নামক বিসিআইসি সারের ডিলার প্রতিষ্ঠানের ডিলারকে ১ লাখ ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

আজ মঙ্গলবার (১৯ নভেম্বর) দুপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারি পরিচালিক সজল আহম্মেদ এই অভিযান পরিচালনা করেন।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারি পরিচালক সজল আহম্মেদ জানান, সার ক্রেতাদের বিক্রির ভাউচার না দেয়া, সার বিক্রির রশিদ ও স্টকের গরমিল পাওয়া এবং সার ক্রয় বিক্রির পাকা রশিদ না রাখা ও প্রদান না করার অপরাধে বিএডিসি সার ডিলার মেসার্স মনিরুল এন্ড ব্রাদার্স এর মালিক মো: মাসুদ পারভেজকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪৫ ধারায় ২০ হাজার টাকা এবং অতিরিক্ত দামে সার বিক্রি, ক্রেতাদের ভাউচার

প্রদান না করা, সার বিক্রির স্টক রেজিস্টার ও ভাউচার যাচাই করে সারের গড়মিল, প্রতি বস্তা ডিএপি সার ১০৫০ টাকার স্থলে ১৭৫০ টাকায় বিক্রি (প্রতি ৭০০ টাকা বেশি দামে) বিক্রির প্রমাণ পাওয়া, টি এস পিসহ অন্যান্য সারও সরকার নির্ধারিত দামের চেয়ে ৩০০-৭০০ টাকা বেশি দামে বিক্রির অভিযোগে বিসিআইসি সার ডিলার মেসার্স গিয়াস উদ্দিন এন্ড সন্স এর মালিক মো: সাঈদ আহম্মেদকে একই আইনের ৪০ ও ৪৫ ধারায় এক লাখ টাকা জরিমানা করা হয়।

অভিযান সহযোগিতায় ছিলেন মেহেরপুর জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদ, সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর তারিকুল ইসলাম, বৈষম্য বিরোধী ছাত্র প্রতিনিধি মো: আশিক রাব্বি, মো: তামিম খান এবং মেহেরপুর জেলা পুলিশের একটি টিম।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ বলেন, সবাইকে আইন মেনে ব্যবসা পরিচালনা, মুল্যতালিকা প্রদর্শন ও কেনা-বেচার ভাউচার সংরক্ষণ করা এবং অতিরিক্ত দাম নেয়া থেকে বিরত থাকার জন্য সতর্ক করা হয়েছে। এছাড়া ব্যবসায়ী ও জনসাধারণকে এসব বিষয়ে সতর্ক করা হয় ও সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

মেহেরপুরে অসংক্রামক রোগ প্রতিরোধে শরীরচর্চা বিষয়ক এডভোকেসি সভা

স্থানীয় জনসাধারণকে অসংক্রামক রোগ যেমন ডায়াবেটিস, হৃদরোগ, স্ট্রোক এবং ক্যান্সার প্রতিরোধে শরীরচর্চায় উদ্বুদ্ধ করতে মেহেরপুরে এডভোকেসি সভা অনুষ্ঠিত হয়েছে।

সভায় পৌর বাজেটে খেলার মাঠ রক্ষণাবেক্ষণের জন্য আর্থিক বরাদ্দ রাখা এবং স্বাস্থ্যকর জীবনের জন্য পরিকল্পনা গ্রহণের উপর জোর দেওয়া হয়।

মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) আয়োজনে ও সেন্টার ফর ল এন্ড পলিসি এফেয়ার্সের সহযোগিতায় আজ মঙ্গলবার (১৯ নভেম্বর) সকাল সাড়ে ১১ টার দিকে পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে সভাটি অনুষ্ঠিত হয়।

মেহেরপুর পৌর সভার ৪ নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর মোঃ আব্দুর রহিমের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, স্থানীয় সরকারের উপ-পরিচালক ও পৌর প্রশাসক মোঃ শামীম হোসেন।

সভায় তিনি বলেন, অসংক্রামক রোগগুলো প্রতিরোধের জন্য নিয়মিত শরীরচর্চার বিকল্প নেই। মেহেরপুর পৌর সভার মধ্যে মানসম্মত খেলার মাঠ তৈরি করার তেমন কোনো জায়গায় নাই। সেইজন্য শরীরচর্চা ও হাঁটাহাঁটি করার জন্য মানুষকে গড়ে আসার আহ্বান জানাচ্ছি।

এ সময় সিভিল সার্জন মহীউদ্দিন আহমেদ, মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মোঃ মুরাদ হোসেন, প্রোগ্রাম ম্যানেজার সাদ আহাম্মেদ, ফাইমা খাতুনসহ স্থানীয় জনপ্রতিনিধি, স্বাস্থ্য বিশেষজ্ঞ, ক্রীড়া সংগঠক এবং বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে প্রি-ডিপার্চার ওরিয়েন্টেশন কোর্সের সমাপনী ও উদ্বোধনী অনুষ্ঠিত

বিদেশগামী কর্মীদের ০৩দিন মেয়াদী প্রি-ডিপার্চার ওরিয়েন্টেশন কোর্সের ২৫৩ ব্যাচের কোর্স সমাপনী ও ২৫৪ ব্যাচের উদ্বোধনী অনুষ্ঠান হয়েছে।

আজ মঙ্গলবার (১৯ নভেম্বর) সকাল দশটার সময় মেহেরপুর কারিগারি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) হল রুমে এ উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন করা হয়।

মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ মোঃ আরিফ হোসেন তালুকদারের সভাপতিত্বে প্রধান হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক

সিফাত মেহনাজ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, মেহেরপুর সোনালী ব্যাংক পিএলসির ব্যবস্থাপক মোঃ তৌহিদুল ইসলাম, মেহেরপুর প্রবাসী কল্যাণ ব্যাংকের ব্যবস্থাপক মোঃ মোয়াজ্জেম হোসেন।

মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি)‘র ইন্সট্রাক্টর (কম্পিউটার ট্রেড) মোঃ আল-আমিন হোসেনের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন ইন্সট্রাক্টর (সিভিল কন্সট্রাকশন) শিখা খানম, ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) মোঃ সোহেল রানা, ইন্সট্রাক্টর (গার্মেন্টস) আনিছুর রহমান, ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স) মোঃ মাসুদ পারভেজ, ড্রাইভিং ইন্সট্রাক্টর (তাত্ত্বিক) ফাতিহা ফিজা, ড্রাইভিং ইন্সট্রাক্টর (ব্যবহারিক) মোঃ মনিরুজ্জামান, ড্রাইভিং ইন্সট্রাক্টর (ব্যবহারিক) মোঃ ফারুক হোসেন,মোঃ মনির হোসেন, মোঃ শিহাব উদ্দিন, মোঃ খাইরুল ইসলাম, ইমরান খান, কৌরব সরকার, বিদেশগামী কর্মী ট্রেডের শিক্ষার্থীসহ বিভিন্ন ট্রেডের শিক্ষার্থীরাও ।